

[This question paper contains 2 printed pages.]

Sr. No. of Question Paper : 8052

GC

Your Roll No.....

Unique Paper Code : 62081318

Name of the Paper : Functional Grammar of the Language

Name of the Course : B.A. (Programme), MIL CORE (Bengali)

Semester : III

Duration : 3 Hours

Maximum Marks : 75

Instructions for Candidates

1. Write your Roll No. on the top immediately on the receipt of this question paper.

নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

1. ধ্বনি পরিবর্তনের কারণ নির্দেশ করে অপিনিহিতি ও অভিশ্রুতির উদাহরণ সহ সংজ্ঞা লেখ। 10

অথবা

ভাষার সংজ্ঞা লেখ। বাংলা ভাষায় উচ্চারণ স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগ কর।

2. শব্দের অর্থগত শ্রেণীবিভাগ করে প্রতিটি বিভাগের বিস্তৃত পরিচয় লিপিবদ্ধ কর। 10

অথবা

পদ কাকে বলে? পদ কয় প্রকার ও কী কী? পতিটি পদ সম্পর্কে বিস্তারিত আলোচনা কর।

3. ধ্বনি কাকে বলে? ধ্বনি ও বর্ণের মধ্যে পার্থক্য কী? উচ্চারণপ্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির শ্রেণীবিভাগ কর। 10

অথবা

কারকের সংজ্ঞা দাও। উদাহরণ সহ কারকের শ্রেণীবিভাগ কর।

4. নীচের যে-কোনো পাঁচটি বাগধারা দিয়ে অর্থসহ বাক্যরচনা কর। $5 \times 2 = 10$

চোখের চামড়া, ননীর পুতুল, মগের মুলুক, শাপে বর, অরণ্যে রোদন, অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম

5. নীচের রচনাটি পাঠ করে প্রশ্নগুলির উত্তর দাও। $5 \times 3 = 15$

বিবেকানন্দের সঙ্গে রবীন্দ্রনাথের জীবনদর্শনে পার্থক্য যতই থাক স্বামীজী ঠিকই বুঝেছিলেন প্রাচ্যের বাণীকে পাশ্চাত্যের দরবারে পৌঁছে দেওয়ার যোগ্যতম ব্যক্তি রবীন্দ্রনাথ ছাড়া কেউ নন। স্বামীজীর ঐ

ইচ্ছা রবীন্দ্রনাথের মধ্য দিয়ে অনেকটাই সত্যরূপ পেয়েছিল। ১৮৯৩ সালে যে শিকাগো শহরে স্বামীজী ভারতের গৌরবকেতন উড়িয়েছিলেন, ১৯১২ সালে সেই শহরেই বিরাট জনসমাগম বক্তৃতা দিয়েছেন রবীন্দ্রনাথ। বিষয় ছিল, 'আইডিয়ালস অফ দি অ্যাণসিয়ান্ট সিভিলাইজেশান অফ ইন্ডিয়া'। চীন এবং জাপানেও ভারতীয় সংস্কৃতির বাণী বহন করে নিয়ে গেছেন রবীন্দ্রনাথ, ১৯২৯ সালে। ওকাকুরা তাঁর ঘনিষ্ঠ বন্ধু হয়ে উঠেছিলেন।

- ক) এই রচনায় কোন দুই মহাপুরুষের নাম আছে?
 খ) স্বামীজী কী বুঝেছিলেন?
 গ) স্বামীজী কোথায়, কবে ভারতের গৌরবকেতন উড়িয়েছিলেন?
 ঘ) রবীন্দ্রনাথের বক্তৃতার বিষয় কী ছিল?
 ঙ) ১৯২৯ সালে কী হয়েছিল?

6. যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর।

10

- ক) পরিবেশ দূষণ ও মানুষ
 খ) বাঙালির দুর্গোৎসব
 গ) দিল্লির বইমেলা

7. যে-কোনো একটি বিষয়ে পত্র রচনা কর।

10

- ক) অল্প সময়ের জন্য কলেজ থেকে ছুটি প্রার্থনা করে কলেজ অধ্যক্ষকে পত্র রচনা কর।
 খ) জন্মদিনে বন্ধুকে নিমন্ত্রণ করে পত্র লেখ।
 গ) একটি বই পড়ে ভাল লেগেছে, সে বিষয়ে জানিয়ে বন্ধুকে চিঠি লেখ।